



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

৬ আগস্ট' ২০২৩ খ্রি.

বুঁকিতে থাকা ৩০০ পরিবারকে নিরাপদ আশ্রয়ে সরালো চসিক

টানা তিনিদিনের ভারী বর্ষণে চট্টগ্রাম নগরীতে পানিবন্দি ও পাহাড়ের পাদদেশে ঝুঁকিপূর্ণভাবে বসবাস করা জালালাবাদ, পশ্চিম ঘোলশহর, উত্তর পাহাড়তলী, পূর্ব পাহাড়তলী, লালখান বাজার ও চকবাজার ওয়ার্ডের তিনশ' পরিবারকে নিরাপদ আশ্রয়ে সরিয়ে দিয়েছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

ঝুঁকিপূর্ণভাবে থাকা মানুষদের আশ্রয়কেন্দ্র ও নিরাপদ এলাকায় সরে যাওয়ার আহবান জানিয়ে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বলেন, অনেকে পাহাড়ধ্বনিসের ঝুঁকি থাকার পরও পাহাড়ের উপরে ও পাদদেশে বসবাস করছেন।। এভাবে পাহাড়ের পাদদেশে ঝুঁকিপূর্ণভাবে বসবাস করা জনগণের প্রতি আহবান আপনারা আশ্রয়কেন্দ্রে চলে যান। আপনাদের জন্য খাবার, স্বাস্থ্যসেবা থেকে সবকিছু প্রস্তুত রাখা হয়েছে। আমরা পানিবন্দি এলাকাগুলোতে বিতরণের জন্য ১০ হাজার মানুষের জন্য খাবার প্রস্তুত রেখেছি।

রোববার জলমগ্ন এলাকা ও পাহাড় এলাকায় পরিচালিত কার্যক্রমের বিষয়ে চসিক মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা আবুল হাশেম জানান, স্থানীয় কাউন্সিলরদের নেতৃত্বে জেলা প্রশাসন, মেট্রোপলিটন পুলিশ, গাউসিয়া কমিটি, চসিকের স্ট্রাইকিং ফোর্স ও আরবান ভলান্টারদের সহযোগিতায় পাহাড়ের পাদদেশে ঝুঁকিপূর্ণভাবে বসবাস করা ৩০০ পরিবারকে সরিয়ে নেয়া হয়েছে। নগরীর এই ছয়টি ওয়ার্ডের মানুষকে নিরাপদ আশ্রয়ে চলে যাওয়ার জন্য মাইকিং এর মাধ্যমে প্রচার চালালে তাদের মধ্যে প্রায় ১০০টি পরিবার আশ্রয়কেন্দ্র এবং বাকীরা নিরাপদ এলাকায় থাকা স্বজনদের বাসায় চলে যান। আপাতত তারা দুর্যোগের ঝুঁকি না কাটা পর্যন্ত ফিরোজশাহ সরকারি প্রাথমিক বিদ্যালয় ও লালখানবাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আশ্রয়কেন্দ্রে ও নিরাপদ এলাকায় স্বজনদের বাসায় অবস্থান করবেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮